

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬

জ্যৈষ্ঠ ৫, ১৪২৬  
তারিখঃ-----  
মে ১৯, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ- ১৬ মে ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ৬(ক)নং শর্ত নিম্নরূপঃ


“৬(ক) সংশ্লিষ্ট ঋণসমূহ এসএমএ মানে শ্রেণিকরণ করতে হবে এবং উক্ত ঋণসমূহের বিপরীতে ১% হারে প্রভিশন সংরক্ষণ করতে হবে।”

এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, উক্ত সার্কুলারের ৬(ক)নং শর্ত নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবেঃ

“৬(ক) সংশ্লিষ্ট ঋণসমূহ ‘এসএমএ’ মানে শ্রেণিকরণ করতে হবে। তবে, উক্ত ঋণসমূহের বিপরীতে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখ ভিত্তিক শ্রেণীমান বিবেচনায় প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করতে হবে। প্রকৃত আদায় ব্যতিরেকে সংরক্ষিত প্রভিশন কোনভাবেই আয় খাতে স্থানান্তর করা যাবে না। ঋণের যে পরিমাণ অংশ আদায় হবে আনুপাতিক হারে প্রভিশনের সে পরিমাণ অংশ আয় খাতে স্থানান্তর করা যেতে পারে। সংশ্লিষ্ট ঋণসমূহ ‘এসএমএ’ মান বিবেচনায় আবশ্যিক প্রভিশনের সমপরিমাণ প্রভিশন General Provision হিসেবে বিবেচনা করা যাবে এবং অবশিষ্ট অংশ Specific Provision হিসেবে সংরক্ষণ করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

  
(রূপ রতন পাইন)  
উপমহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০৩৩৬